

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.৪২.০০০০.০০০.১১.০১০.১৭. ১১৬২


তারিখঃ ০৭ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
১২ মে ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ শেরপুর জেলা পরিষদে সাংগঠনিক কাঠামো বহির্ভূত পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্রঃ শেরপুর জেলা পরিষদের স্মারক নং-জেপশে/সাঃশাঃ/২০১৬/১৫৭, তারিখঃ ১৩/৪/২০১৭।

শেরপুর জেলা পরিষদের মালিকানাধীন সদর ডাকবাংলোর জন্য সাংগঠনিক কাঠামো বহির্ভূত পদে ১জন পরিচ্ছন্নতাকর্মী এবং নকলা ডাকবাংলোর জন্য ১ জন দারোয়ান কাম কেয়ারটেকার দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োগের ছাড়পত্র প্রদানের বিষয়ে নিম্নবর্ণিত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- ১) জেলা পরিষদ/অডিটরিয়াম/ডাকবাংলোতে দৈনিক মজুরী ভিত্তিতে বর্তমানে কতজন কেয়ারটেকার কর্মরত রয়েছে; তাদের মধ্যে কে কোন ডাকবাংলো/অডিটরিয়ামে কর্মরত আছে, কর্মচারীদের নিয়োগে মন্ত্রণালয়ের অনুমোদন আছে কিনা তথ্যাদিসহ তাদের নামের তালিকা প্রেরণ;
- ২) সাংগঠনিক কাঠামোভুক্ত পদে দৈনিক মজুরী ভিত্তিতে কোন লোক কর্মরত রয়েছে কিনা; থাকলে তাদের কোন আইন/বিধি বলে নিয়োগ করা হয়েছে;
- ৩) ডাকবাংলো/অডিটরিয়াম সমূহের ২০১৪-২০১৫ থেকে ২০১৫-২০১৬ অর্থ বছরের আয় ব্যয়ের হিসাব বিবরণী;
- ৪) লোক নিয়োগের বিষয়ে জেলা পরিষদের সিদ্ধান্তের কপি প্রেরণ;


(জুবাইদা নাসরিন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, শেরপুর।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, শেরপুর।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।